# COVID-19 পরিস্থিতিতে
## জেলা সমাজসেবা কার্যালয়, চাঁদপুর কর্তৃক গৃহীত কার্যক্রম

বৈশিক মহামারী করোনা ভাইরাসের প্রাদুর্ভাবে দেশের দুস্থ, অসহায় রোগী, পথশিশু, প্রতিবন্ধী মানুষ এবং কর্মহীন শ্রমিকদের পাশে দাঁড়াতে মাননীয় প্রধানমন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও মাননীয় প্রতিমন্ত্রীর নির্দেশনায় সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে এবং মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর এর নেতৃত্বে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের আর্থিক সহায়তার প্রেক্ষিতে জেলা সমাজসেবা কার্যালয়, চাঁদপুর কর্তৃক গৃহীত কর্মসূচি নিম্নরূপঃ

**বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের অনুদান ও করোনা মোকাবিলায় বিভিন্ন সহায়তার আর্থিক ব্যবস্থাপনা**

করোনা সংক্রমণ প্রতিরোধে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের বিভিন্ন আন্ত:খাত সমন্বয়ের মাধ্যমে নিজস্ব বাজেট হতে খাদ্য সহায়তা ও চিকিৎসা সহায়তা পরিচালনা করা হচ্ছে। এ লক্ষ্যে সমাজকল্যাণ মন্ত্রণালয় অধীন বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে করোনা মোকাবেলায় বিভিন্ন হাসপাতালে অবস্থিত সমাজসেবা অধিদফতর পরিচালিত রোগী কল্যাণ সমিতি (হাসপাতাল প্রধান নির্বাহী ও হাসপাতাল সমাজসেবা অফিসারের মাধ্যমে পরিচালিত), জেলা সমাজকল্যাণ পরিষদ, প্রাকৃতিক ক্ষতিগ্রস্থদের পুনর্বাসন, ভিক্ষাবৃত্তি নিরসন (জেলা প্রশাসক ও উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, চাঁদপুর এর মাধ্যমে পরিচালিত), উপজেলা সমাজকল্যাণ পরিষদ (উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা সমাজসেবা অফিসারের মাধ্যমে পরিচালিত) এর মধ্যে চাঁদপুর জেলায় ০৯ টি ইউনিটে অফিসে ২৯ লক্ষ ১০ হাজার টাকা বরাদ্দ প্রধান করা হয়েছে। এছাড়া সমাজসেবা অধিদফতর থেকে বিশেষ অনুদান বাবদ ০৫ (পাঁচ) লক্ষ টাকা জেলা পর্যায়ে বিতরণ করা হয়েছে। এ অর্থের মাধ্যমে চাঁদপুর জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে করোনা মোকাবেলায় দুস্থ, অসহায়, প্রতিবন্ধী ব্যাক্তি, পথ শিশুদের অগ্রাধিকারভিত্তিতে খাদ্য ও চিকিৎসা সহায়তা প্রদানের কাজ চলমান রয়েছে।

**ক. জরুরি সহায়তা কার্যক্রমঃ**

করোনা সংক্রমণ রোধে বাড়িতে অবস্থানের ঘোষণায় কর্মহীন হয়ে পড়েছে দৈনিক আয়ের উপর নির্ভরশীল নিম্ন আয়ের মানুষেরা। বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের আর্থিক সহায়তায় চাঁদপুর জেলায় সমাজসেবা অধিদফতরের উদ্যোগে ৬৭৮ টি দুঃস্থ কর্মহীন পরিবারের মাঝে খাদ্য ও নিত্য প্রয়োজনীয় পণ্য সামগ্রী বিতরণ করা হয়েছে। এ ক্ষেত্রে সরকারের দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলী অনুসরণক্রমে অসহায় বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ব্যক্তি এবং হিজড়া জনগোষ্ঠীর অন্তর্ভূক্ত ব্যক্তিদের অগ্রাধিকারক্রমে সহায়তা প্রদান করা হয়েছে। এ কার্যক্রম চলমান থাকবে।




কোভিড ১৯ এ জরুরী ভিত্তিতে অনুদানের চেক বিতরণ




কোভিড ১৯ এ জরুরী ভিত্তিতে জাতীয় সমাজকল্যাণ পরিষদ ও সমাজসেবা অধিদফতরের অনুদানের নগদ টাকা বাড়িতে গিয়ে বিতরণ




কোভিড ১৯ এ জরুরী ভিত্তিতে ক্যান্সার, কিড়নী/ লিভারসিরোসিস কর্মসুচির চেক বিতরণ

**মাঠপর্যায়ে সক্রিয় ভূমিকা পালন**

করোনা সংক্রমণ মোকাবেলায় মন্ত্রীপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে সকল ছুটি বাতিলক্রমে মাঠপর্যায়ে সকল কর্মকর্তা-কর্মচারীকে কর্মস্থলে অবস্থানের নির্দেশনা প্রদান করার প্রেক্ষিতে এবং পাশাপাশি স্থানীয় পর্যায়ে গঠিত করোনা সংক্রমণ প্রতিরোধ গঠিত জেলা ও উপজেলা কমিটিতে অর্পিত দায়িত্ব পালনে সক্রিয় ভূমিকা পালন করেছে ।



কোভিড ১৯ এ জরুরী ভিত্তিতে উপজেলা পর্যায়ে অনুদানের চেক বিতরণ

**সামাজিক নিরাপত্তা কার্যক্রমের সুবিধাভোগীদের সুরক্ষার্থে ব্যবস্থা গ্রহণ:**

সমাজসেবা অধিদফতরের নির্দেশনা অনুযায়ী করোনা প্রাদুর্ভাবের কারণে জনসমাগম পরিহারের লক্ষ্যে দেশব্যাপী চলমান উন্মুক্ত পদ্ধতিতে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা ভাতা, অসচ্ছল প্রতিবন্ধী ভাতার নতুন সুবিধাভোগী বাছাই কার্যক্রম সাময়িকভাবে স্থগিত  করা হয়েছে। অনলাইনে আবেদন প্রক্রিয়া চালু এবং জিটুপি পদ্ধতিতে ভাতা বিতরণের কার্যক্রম গ্রহণ করা হয়েছে ।




কোভিড ১৯ পরিস্থিতিতে অনলাইন সেবা/ আবেদন

## খ. সচেতনতামূলক কার্যক্রম

সমাজসেবা অধিদফতরের মাঠপর্যায়ে কার্যালয়সমূহে আগত সকল সেবা গ্রহীতা ও সেবাপ্রত্যাশীদের করোনা সংক্রমণ মোকাবেলায় প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি সর্ম্পকে সচেতন করার লক্ষ্যে ব্যাপক প্রচারণামূলক কার্যক্রম গ্রহণ করা হয়েছে । এ লক্ষ্যে তাঁদের মাঝে প্রয়োজনীয় লিফলেট বিতরণ ও ক্যাম্পেইন কার্যক্রম অব্যাহত আছে।







কোভিড ১৯ পরিস্থিতিতে প্রচারণা কার্যক্রম

## গ. প্রাতিষ্ঠানিক নিবাসীদের সুরক্ষা সহায়তা কার্যক্রম:

সমাজসেবা অধিদফতরের উদ্যোগে পরিচালিত, সরকারি শিশু পরিবার , সরকারি বাক শ্রবণ প্রতিবন্ধী বিদ্যালয়, চাঁদপুর প্রতিষ্ঠানের যে সকল প্রতিষ্ঠানে এতিম ও দুঃস্থ, প্রতিবন্ধী নিবাসীরা অবস্থান করেছে এমন সকল প্রতিষ্ঠানে করোনা সংক্রমণ প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এসকল প্রতিষ্ঠানে অবস্থানরত সকল নিবাসীর স্বাস্থ্যগত অবস্থা খন্ডকালীন চিকিৎসকের সহায়তায় দৈনন্দিন ভিত্তিতে পর্যবেক্ষণ করা হচ্ছে । পাশাপাশি সরকারের ক্যাপিটেশন গ্রান্টপ্রাপ্ত দেশের সকল বেসরকারি এতিমখানায় প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি অনুসরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া সর্তকতামূলক ব্যবস্থা হিসেবে সকল আবাসিক প্রতিষ্ঠানে এক বা একাধিক পৃথক কোয়ারেন্টাইন কক্ষ স্থাপন করা হয়েছে ।





(১) কোভিড ১৯ পরিস্থিতিতে নিবাসী শিশুকে ফুটবল খেলা প্রতিযোগিতা পুরস্কারের চেক প্রদান (২) কোভিড ১৯ পরিস্থিতিতে নিবাসী শিশুদের মাঝে সামগ্রী বিতরণ

**ঘ. হাসপাতাল সমাজসেবা কার্যক্রমের মাধ্যমে দুঃস্থ রোগীদের সহায়তা:**

COVID-19 সংক্রমনজনিত পরিস্থতিতেও দেশের সকল হাসপাতাল সমাজসেবা কার্যালয়ে দুঃস্থ রোগীদের সেবা প্রদান অব্যাহত রয়েছে। করোনা সংক্রমিত দুঃস্থ ও অসহায় রোগীদের প্রয়োজনীয় ক্ষেত্রে চাঁদপুর জেলার সমাজসেবা কার্যক্রমের ০৮ টি ইউনিট (জেলা পর্যায়ে ০১ টি এবং উপজেলা পর্যায়ে ০৭ টি) এর মাধ্যমে অসহায় দুঃস্থ রোগীর চাহিদানুসারে ঔষধ, রক্ত, পথ্য, বস্ত্র, স্বাস্থ্য পরীক্ষা-নিরিক্ষার খরচ, চিকিৎসা সহায়ক সামগ্রী, প্রযোজ্য ক্ষেত্রে যাতায়াত ভাড়া, লাশ পরিবহন, মৃত ব্যক্তির সৎকারে সহোযোগিতায় প্রয়োজনীয় আর্থিক সহায়তা অগ্রাধিকারক্রমে প্রদানের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করা হয়েছে।



কোভিড ১৯ পরিস্থিতিতে হাসপাতাল সমাজসেবা কার্যালয়ের পক্ষ থেকে রোগীদের জন্য মাস্ক/ সেনিটাইজার সামগ্রী বিতরণ

**ঙ. নিবন্ধীত স্বেচ্ছাসেবী সংগঠন সম্পৃক্তকরণ:**

জেলা সমাজসেবা কার্যালয়, চাঁদপুর হতে নিবন্ধিত ২৩৭ টি সক্রিয় স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাকে করোনা সংক্রমণ প্রতিরোধে তাঁদের সুবিধাভোগীদের সম্পৃক্ত করে ব্যাপক সচেতনতা ও সুরক্ষামূলক কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়েছে। ততপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সংগঠনগুলিকে বৈশিক মহামারি করোনা ভাইরাসের প্রাদুর্ভাবে দেশের দুঃস্থ, অসহায় রোগী, পথশিশু, প্রতিবন্ধী মানুষ এবং কর্মহীন শ্রমিকদের পাশে দাঁড়াতে মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর ডেমি অফিসিয়াল পত্র প্রদান করেছেন। ততপ্রেক্ষিতে স্বেচ্ছাসেবী সংগঠন গুলি সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালককে সমন্বয়ে সহায়তা কর্মসূচিতে অংশগ্রহণ করেছে। স্বেচ্ছাসেবী সংগঠনের মাধ্যমে ৬৮.৭৮৬ লক্ষ টাকার খাদ্য ও স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী বিতরণ করা হয়েছে।




কোভিড ১৯ পরিস্থিতিতে স্বেচ্ছাসেবী সংগঠন কর্তৃক খাদ্র সামগ্রী বিতরণ




কোভিড ১৯ পরিস্থিতিতে স্বেচ্ছাসেবী সংগঠন কর্তৃক স্বাস্থ্য বিধি প্রচারণা এবং মাস্ক/ সেনিটাজাইর সামগ্রী বিতরণ




কোভিড ১৯ পরিস্থিতিতে স্বেচ্ছাসেবী সংগঠন কর্তৃক স্বাস্থ্য বিধি অনুযায়ী পরিস্কার পরিচছন্নতা অভিযান